

## স্প্যাম মেইল পাঠানোর দিক দিয়ে শীর্ষে ভারত!

বিশ্বের কোটি কোটি সামাজিক যোগাযোগ সাইট, ই-মেইল ব্যবহারকারীর কাছে স্প্যাম মেইল পাঠানোর দিক দিয়ে শীর্ষে আছে ভারত। সম্প্রতি নিরাপত্তাবিষয়ক প্রতিষ্ঠান শপসের এক প্রতিবেদনে এ তথ্য জানানো হয়। এতে বলা হয়, সারা বিশ্বের ব্যবহারকারীদের ই-মেইলে বিভিন্ন দেশ থেকে যে স্প্যাম মেইল যায়, তার মধ্যে ভারত সবচেয়ে এগিয়ে। অর্থাৎ, ভারত থেকেই সবচেয়ে বেশি ই-মেইল যায় ব্যবহারকারীদের ই-মেইলে। চলতি বছর সবচেয়ে বেশি স্প্যাম মেইল পাঠানোর তালিকার দেশের মধ্যে যুক্তরাষ্ট্রকে পেছনে ফেলে শীর্ষে এসেছে ভারত!

শপসের জ্যেষ্ঠ প্রযুক্তি পরামর্শক গ্রাহাম কুলি বলেন, স্প্যাম তৈরির দিক দিয়ে ভারত শীর্ষে, যা ইন্টারনেট ব্যবহারকারীদের তথ্যপ্রযুক্তি অপরাধী হিসেবে নেতৃত্ব দিতে সাহায্য করতে পারে। স্প্যাম মেইল সাধারণত নতুন ব্যবহারকারীদের আকৃষ্ট করতেই তৈরি করা, যা

ব্যবহারকারীর কম্পিউটারকে ক্ষতিগ্রস্ত করে ফেলে। এ ছাড়া এ ধরনের স্প্যাম মেইলে ক্লিক করার ফলে ব্যবহারকারীর কম্পিউটারের নানা তথ্য সাইবার অপরাধীদের হাতে চলে যায়। সে ক্ষেত্রে ব্যক্তিগত সব তথ্য চুরির হওয়ার আশঙ্কা বেড়ে যায়।

স্প্যাম মেইল পাঠানোর দেশগুলোর মধ্যে দ্বিতীয় স্থানে আছে যুক্তরাষ্ট্র এবং তৃতীয় স্থানে দক্ষিণ কোরিয়া। তবে শুধু ই-মেইলেই নয়, সামাজিক যোগাযোগের সাইট ফেসবুক, টুইটারসহ বিভিন্ন সাইটের নানা তথ্য নিয়ে স্প্যামাররা বেশি স্প্যাম মেইল পাঠাচ্ছেন বলেনও প্রতিবেদনে জানিয়েছে শপস। তাই এ ধরনের বড় ধরনের সাইবার ক্ষতির হাত থেকে বাঁচতে ব্যবহারকারীদের স্প্যাম মেইলে ক্লিক না করা এবং এ ধরনের ই-মেইলের তথ্য অনুযায়ী নিজের গোপন নম্বর (পাসওয়ার্ড) না দেওয়ার পরামর্শ দিয়েছেন নিরাপত্তা বিশেষজ্ঞরা।

—বিবিসি অবলম্বনে কাজী আশফাক আলম

Google

## গুগলের লোগোতে জিপার!

বিশ্বখ্যাত সার্চ ইঞ্জিন গুগলের বিভিন্ন সময়ের লোগো পরিবর্তনের মধ্যে গতকাল ছিল কিছুটা ব্যতিক্রম। জিপারের আবিষ্কারক জিডিয়ন স্যান্ডবেকের জন্মদিন উপলক্ষে গুগলের লোগোতে ছিল জিপার। জিপার খুলেই পাওয়া গেছে জিডিয়ন স্যান্ডবেকের নানা তথ্য। সুইডিস এ প্রকৌশলী ১৮৮০ সালে জন্মগ্রহণ করেন। —নিজস্ব প্রতিবেদক